02 SEP 2016

তারিখ ... 2 AUG 2016
পৃষ্ঠা 7-2 কলাম 6

# সংবাদ



## জ্ঞাননির্ভর সমাজ গঠনে তথ্যবিজ্ঞানীরাই হবে কারিগর : ড. হারুন-অর-রশিদ

জাতীয় বিশ্ববিদ্যালয়ে অন-ক্যাম্পাস পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১০০ জন শিক্ষার্থী নিয়ে ১ম ব্যাচের যাত্রা গতকাল শুরু হয়েছে। এ উপলক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত এক ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, "বর্তমান যুগে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের গুরুত্ব অপরিসীম। এ বিষয়ে ডিগ্রিধারীরাই হবে জ্ঞাননির্ভর সমাজ গঠনের আসল কারিগর। কেবল সনদ প্রাপ্তি নয়, দেশের উৎকর্ষ সাধনের মানসিকতা নিয়ে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এ শিক্ষা কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিশেষ কোর্স দেশের প্রচুর সংখ্যক তথ্যবিজ্ঞানীর চাহিদা পূরণে অবদান রাখবে।" অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর ড. মো. আসলাম ভূঁইয়া, উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু ও ডিন স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র প্রফেসর ড. মো. আনোয়ার হোসেন। উল্লেখ্য, এবারই জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামটি চালু হয়। সংবাদ বিজ্ঞপ্তি

## জঙ্গিবাদ বিরোধী আলোচনা সভা

গত বুধবার রাজধানীর মনিপুরী পাড়া 'জয়বাংলা ৭১ লীগ' কেন্দ্রীয় কমিটির উদ্যোগে অফিস কার্যালয়ে জঙ্গিবাদ বিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন মো. মিজানুর রহমান। সভায় সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনসহ প্রধানমন্ত্রীর গাড়ী বহরে হামলার প্রতিবাদ ও মামলার রায়ের দাবিতে সভায় বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক আলহাজ শেখ মো. নওশের আলী, শাহবাগ থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ২১ নং ওয়ার্ড কাউন্সিলর অ্যাডভোকেট এম এ হামিদ খান, ২১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মতিলাল রায়, ৭১ লীগের কেন্দ্রীয় কমিটির সিনিয়র সহ-সভাপতি নজরুল ইসলাম সরকার, কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, প্রচার ও প্রকাশনা সম্পাদক আবুল হোসেন সরকার, মহিলা সম্পাদিকা অ্যাডভোকেট নার্গিস আক্তার, ঢাকা মহানগর উত্তরের ৭১ লীগের সভাপতি রওশোন আলী, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম শফিক। এ সময় সংগঠনের উপদেষ্টা ও বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের সাধারণ সম্পাদক অরুন সরকার রানা এবং কাজী আরেফ ফাউন্ডেশনের সভাপতি কাজী মাসুদ ও অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি